



Cosmo School

রাজিয়া সুলতানা

লেকচার শীট-১

শ্রেণি-তৃতীয় বিষয়-বাংলা

অধ্যায়: একাই একটি দুর্গ

তারিখ: ০৯.০৬.২০২০

❖ গল্পের ১ম অংশ(৭ই মার্চ-----গেলাবর্ষণ বন্ধ হল) পর্যন্ত রিডিং পড়বে

❖ মূলশব্দ:

৭ ই মার্চ →

জাতির পিতা ভাষণ দেন। তিনি স্বাধীনতা সংগ্রামের ডাক দেন। ভাষণ শুনে চব্বিশ বছরের যুবক মোস্তফা কামালের বুক ফুলে ওঠে।

এপ্রিল ১৯৭১ →

পাকিস্তানি হানাদার বাহিনী ব্রাহ্মণবাড়িয়ার দিকে এগিয়ে আসে। মুক্তিযোদ্ধাদেরও অধিনায়ক মাত্র দশজন সৈন্য নিয়ে সেখানে অবস্থান নেয়।

১৬ ই এপ্রিল ১৯৭১ →

মোস্তফা কামাল খবর পেলেন পাকিস্তানি বাহিনী ব্রাহ্মণবাড়িয়া দখল করার জন্য কুমিল্লার আখাউড়া রেললাইন ধরে এগিয়ে আসছে।

১৭ই এপ্রিল ১৯৭১ →

ভোর থেকেই পাকিস্তানি বাহিনীর গোলাবর্ষণ শুনে মোস্তফা কামাল ভাবলেন এত কম শক্তি নিয়ে ওদের মোকাবেলা করা যাবে না। সেনা সহায়তার জন্য খবর পাঠালেও অতিরিক্ত সেনা না আসায় তারা পরিখার মধ্যে আত্মরক্ষা করলেন। দুপুরের দিকে কয়েকজন সেনা আসল। গোলাবর্ষণও বন্ধ হল।

❖ কঠিন শব্দ: অধিনায়ক, আত্মরক্ষা, গোলা, পরিখা,

❖ এক বাক্যের প্রশ্ন উত্তর:

১. কে ৭ই মার্চ ভাষণ দেন?

২. মোস্তফা কামালের বয়স কত ছিল?

৩. বঙ্গবন্ধুর ভাষণ শুনে কার বুক ফুলে ওঠে?

৪. হানাদার বাহিনী কত তারিখে ব্রাহ্মণবাড়িয়ার দিকে এগিয়ে আসে?

৫. মুক্তিযোদ্ধারা কোথায় অবস্থান নেন?

৬. তাদের দলে কতজন সৈন্য ছিল?

৭. পাকিস্তানি বাহিনী কত তারিখে কুমিল্লার রেললাইন ধরে এগিয়ে আসে?

৮. কখন মুক্তিযোদ্ধাদের উপর গোলাবর্ষণ শুরু হল?

৯. মুক্তিযোদ্ধারা কোথায় আত্মরক্ষা করলেন?

১০. কখন বাড়তি সেনা আসলো ?

❖ শিক্ষার্থীরা নিজেরাই উত্তর দেয়ার চেষ্টা করবে

উত্তর:

১. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ।
২. মোস্তফা কামালের বয়স ছিল চব্বিশ বছর ।
৩. মোস্তফা কামালের বুক ফুলে ওঠে ।
৪. এপ্রিল ১৯৭১ সালে ।
৫. ব্রাহ্মণবাড়িয়া জেলার দরুইন গ্রামে ।
৬. মাত্র দশজন সৈন্য ছিল ।
৭. ১৬ ই এপ্রিল ১৯৭১ ।
৮. ১৭ই এপ্রিল ১৯৭১ ।
৯. সকলে মিলে পরিখার মধ্যে আত্মরক্ষা করলেন ।
১০. বাড়তি সেনা আসলো দুপুরের দিকে ।